

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মার্চ ৫, ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
(বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ)
আদেশ

তারিখ, ১৭ ফাল্গুন ১৪১২/১ মার্চ ২০০৬

এস, আর, ও নং ৩৯-আইন/২০০৬/অম/অবি (বাস্তঃ-১)/জাঃবেঃস্কেল-৩/২০০৫।—Services (Reorganisation and Conditions) Act, 1975 (XXXII of 1975) এর section 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার চাকরি (ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠান) (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৫ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ—

উপরি-উক্ত আদেশের অনুচ্ছেদ ৭ এর—

- (ক) উপ-অনুচ্ছেদ (১) এর “কর্মকর্তা ব্যতীত যে সকল কর্মচারী জাতীয় বেতনস্কেল, ২০০৫ এর টাঃ ২৪০০-৪৩১০ হইতে টাকা ৫১০০-১০৩৬০” শব্দগুলি, সংখ্যাগুলি ও ক্রম পরিবর্তে “যে সকল কর্মচারী জাতীয় বেতনস্কেল, ২০০৫ এর টাকা ২৪০০-৪৩১০ হইতে টাকা ৫১০০-১০৩৬০ বেতনস্কেলের আওতাভুক্ত এবং টাকা ৩৭০০-৮০৬০ এবং টাকা ৪১০০-৮৮২০ বেতনস্কেলের আওতাভুক্ত কর্মকর্তাগণ” শব্দগুলি, সংখ্যাগুলি, ক্রমা ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে;
- (খ) উপ-অনুচ্ছেদ (২) বিলুপ্ত হইবে;
- (গ) উপ-অনুচ্ছেদ (৩) এর “৬৮০০-১৩০৯০ এবং তদূর্ধ্ব” শব্দগুলির পরিবর্তে “৫১০০-১০৩৬০ হইতে ১৩৭৫০-১৯২৫০ বেতন” শব্দগুলি ও সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে;
- (ঘ) উপ-অনুচ্ছেদ (৬) এর “টাকা ৩৭০০-৮০৬০ টাকা ৪১০০-৮৮২০ এবং” শব্দগুলি, সংখ্যাগুলি, ক্রমা ও চিহ্ন বিলুপ্ত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সিদ্দিকুর রহমান চৌধুরী
সচিব।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৮৬৩)

মূল্য : টাকা ২.০০